

F. 1(15)-PRINCIPAL/CWTIT/ADVT/2018-19/ Dated 11-06-2018  
GOVERNMENT OF TRIPURA  
OFFICE OF THE PRINCIPAL  
CONSTRUCTION WORKERS TRAINING INSTITUTE, TRIPURA  
KHUMULWNG, WEST TRIPURA

-: বিজ্ঞপ্তি :-

পুরুষ নির্মাণ শ্রমিকদের দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ শিবিরের জন্য আবেদন পত্রের আহ্বানের সময়সূচী।

রাষ্ট্রের পুরুষ নির্মাণ শ্রমিকদের রাজমিস্ত্রি এবং রডমিস্ত্রি এই দুটি বিষয়ের উপর ২(দুই) মাস ব্যাপী খুমলুংস্থিত "কমস্ট্রাকশন ওয়ার্কার্স ট্রেনিং ইনস্টিটিউট অফ ত্রিপুরা" (CWTIT)-এ প্রশিক্ষণ শুরু হওয়ার জন্য আবেদন পত্র আহ্বান করা হয়েছে, উক্ত প্রশিক্ষণ শিবিরে ইচ্ছুক নির্মাণ শ্রমিকদের "কমস্ট্রাকশন ওয়ার্কার্স ট্রেনিং ইনস্টিটিউট অফ ত্রিপুরা" (CWTIT) খুমলুংস্থিত অফিসে আবেদনশে সাদা কাগজে আবেদন পত্র জমা দেওয়ার জন্য আবেদন করা হচ্ছে। প্রশিক্ষণ চলাকালে প্রত্যেক প্রশিক্ষণার্থীদের প্রায় ১৭২.০০ (একশত বাহাত্তর) টাকা করে ষ্টাইপেন্ড এবং তৎসঙ্গে বিনামূল্যে ইনস্টিটিউশান এ থাকার ও খাওয়ার ব্যবস্থা রয়েছে। (প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণে আসার সময় সঙ্গে হাল্কা বিজানা নিয়ে আসতে হবে)।

আবেদন পত্রের প্রয়োজনীয় তথ্যাবলী নিম্নরূপ :

- ১) প্রশিক্ষণার্থীর নাম,
- ২) বাবার নাম,
- ৩) স্থায়ী ঠিকানা,
- ৪) বর্তমান যোগাযোগের ঠিকানা,
- ৫) জন্মতারিখ (বয়স ১৮ থেকে ৩৫ এর মধ্যে হতে হবে প্রমাণ পত্র সহ),
- ৬) শিক্ষাগত যোগ্যতা (নূন্যতম পঞ্চম শ্রেণী উত্তীর্ণ) এবং বিদ্যালয়ের নাম,
- ৭) জাতি (তপশীলি জাতি / তপশীলি উপ-জাতি / সংখ্যালঘু / সাধারণ),
- ৮) মোবাইল নম্বর,
- ৯) ব্যক্তিগত ব্যাংক একাউন্ট নম্বর ও সম্প্রতি তোলা তিন কপি পাসপোর্ট সাইজ রঙ্গীন ছবি,
- ১০) নির্মাণ কাজের অভিজ্ঞতা যদি থাকে,
- ১১) রক এবং জিলা।

- ❖ আবেদন পত্র জমা দেওয়ার স্থান : "কমস্ট্রাকশন ওয়ার্কার্স ট্রেনিং ইনস্টিটিউট অফ ত্রিপুরা" (CWTIT) খুমলুং।
- ❖ আবেদন পত্র জমা দেওয়ার তারিখ : ১৫ই জুন হইতে ১৬ই জুলাই ২০১৮ইং পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা হইতে বিকাল পর্যন্ত।
- ❖ নির্বাচিত প্রশিক্ষণার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশের তারিখ ও স্থান : ২১শে জুলাই ২০১৮ইং (তালিকা ইনস্টিটিউশানের বোর্ডে দেওয়া হবে এবং পরবর্তী সময়ে স্থানীয় পত্রিকায়ও প্রকাশিত হবে)।
- ❖ নির্বাচিত প্রশিক্ষণার্থীদের রিপোর্টিং তারিখ : ২৫ ও ২৬শে জুলাই, ২০১৮ইং খুমলুংস্থিত ইনস্টিটিউট।
- ❖ প্রশিক্ষণ শুরু হওয়ার তারিখ : ২৭শে জুলাই ২০১৮ইং হইতে।

বি.দ্র. :

- ১) উপরোক্ত আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীকে সমস্ত প্রত্যয়িত নকল (ফটোকপি) জমা দিতে হবে এবং উক্ত ডকুমেন্ট সঙ্গে আনতে হবে।
- ২) প্রশিক্ষণার্থীদের ইনস্টিটিউট-এ আসার যাত্রার খরচ নিজ নিজ বহন করতে হবে।
- ৩) আবেদন পত্রের নমুনা [www.rural.tripura](http://www.rural.tripura)-তে পাওয়া যাবে।
- ৪) তপশীলি জাতি ও উপজাতি কল্যাণ, রাজস্ব, শ্রম এবং সংখ্যালঘু উন্নয়ন দপ্তরের আর্থিক সহায়তায় প্রশিক্ষণ দেওয়া হবে।

  
(U. S. S. Laskar)

অধ্যক্ষ

সি.ডাব্লিউ.টি.আই.টি  
খুমলুং পশ্চিম ত্রিপুরা